## Rate of deduction under section 53F (2)

### সঞ্চয়ী আমানত এবং স্থায়ী আমানত, ইত্যাদির সুদ আয় হতে উৎসে কর কর্তন

অর্থ আইন, ২০১৬ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 53F সংশোধনপূর্বক উপধারা (2) এর পরিবর্তে উপধারা (2) এবং উপধারা (3) প্রতিস্থাপন করা হয়েছে। সংশোধিত ধারার উপধারা (2) এর মাধ্যমে নতুন বিধান সন্নিবেশিত করা হয়েছে এবং পূর্বের উপধারা (2) নতুন উপধারা (3) হিসেবে সংখ্যায়িত হয়েছে।

প্রতিস্থাপিত উপধারা (2) এর বিধানমতে, কোন ফান্ডের কর অব্যাহতির বিষয়ে এই অধ্যাদেশে অথবা বর্তমানে বলবৎ অন্য কোন আইনে যা-ই বলা থাকুক না কেন, কোন তফসিলি ব্যাংক বা সমবায় ব্যাংক বা ইসলামি নীতি অনুযায়ী পরিচালিত ব্যাংক অথবা কোন নন-ব্যাংকিং আর্থিক প্রতিষ্ঠান বা কোন লিজিং কোম্পানী বা কোন গৃহায়নে অর্থায়নকারী কোম্পানীতে কোন ফান্ডের দ্বারা বা নামে পরিচালিত বা রক্ষিত কোন সঞ্চয়ী আমানত বা স্থায়ী আমানত বা মেয়াদী আমানতের সুদ বা মুনাফার অংশ (share of profit) পরিশোধের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি, তিনি উক্ত সুদ বা মুনাফার অংশ ফান্ডের হিসেবে ক্রেডিটের সময় বা পরিশোধের সময়, দুটির মধ্যে যেটি আগে ঘটে, উক্ত সুদ বা মুনাফার অংশের উপর ৫% হারে উৎসে কর কর্তন করবেন।

উপধারা (2) তে 'ফান্ড' বলতে approved superannuation fund বা pension fund বা gratuity fund বা recognized provident fund বা workers' participation fund সহ আইনের দ্বারা সৃষ্ট বা আইন দ্বারা পরিচালিত ফান্ডকে বুঝাবে, যা কৃত্রিম আইনী সত্তা হিসেবে পরিগণিত হয় এবং যাদের নামে আইনানুগভাবে পৃথক হিসাব (account) সংরক্ষণ করা যায়।

নতুন বিধান প্রবর্তনের মাধ্যমে আইনের দ্বারা সৃষ্ট বা আইন দ্বারা পরিচালিত Board কর্তৃক অনুমোদিত কোন ফান্ড, যার সঞ্চয়ী আমানত বা স্থায়ী আমানত বা মেয়াদী আমানতের সুদের উপর আগে উৎস কর অব্যাহতি প্রদান করা হয়েছিল, তার উক্ত সুদের উপর ১ জুলাই ২০১৬ থেকে ৫% হারে উৎস কর আরোপিত হবে।

যে সকল ফান্ড ৩০ জুন ২০১৬ তারিখ পর্যন্ত উৎস করের আওতাভুক্ত ছিল সে সকল ফান্ডের ক্ষেত্রে উপধারা (2) এর বিধান কার্যকর হবে না। অর্থাৎ, এরূপ ফান্ডের ক্ষেত্রে ৩০ জুন ২০১৬ তারিখ পর্যন্ত সময়ে যে হারে উৎস কর কর্তিত হতো এখনো সে হারে উৎস কর আরোপ হবে।